# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ পাহাড়তলির মরণ চূড়ায়
ঝাঁপ দিল যে অগ্নি,
ফেব্রুয়ারির শোকের বসন
পরলো তারই ভগ্নি।
প্রভাতফেরি, প্রভাতফেরি,
আমায় নেবে সঙ্গে,
বাংলা আমার বচন, আমি
জন্মেছি এই বঙ্গে।

ক. ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয় কবে? ১

খ. যৌথবাহিনী গঠন করা হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কবিতার অংশটি কোন ঐতিহাসিক ঘটনাকে ইঙ্গিত করে? বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত ঘটনাটি জাতীয়তাবাদের মূলভিত্তি রচনা করে, যা পরবর্তী সময়ে বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে— বিশ্লেষণ কর। ৪

২.▶ মারুফা জাহান তার ব্যক্তিগত ব্লগে পৃথিবীর সাড়া জাগানো একটি ভাষণ সম্পর্কে বিভিন্ন তথ্য প্রদান করেছেন। সেখানে লেখা আছে, এ ভাষণ যখন শুরু হয়েছিল তখন প্রদেশের রাজধানী থেকে ওয়ারলেসের মাধ্যমে খবর আসে সম্প্রচার বন্ধ করতে। নির্দেশটি পেয়ে বক্তা বললেন, রেডিও-টেলিভিশনের কর্মচারিরা যদি রেডিওতে আমাদের কথা না শোনে তাহলে কোনো বাঙালি রেডিও স্টেশনে যাবেন না। বিশ্বের ইতিহাসখ্যাত এ ভাষণটি পরবর্তীতে একটি দেশের স্বাধীনতা সংগ্রামে ব্যাপক প্রভাব ফেলেছিল।

ক. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে কোন দল বিজয় অর্জন করে? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা কীরূপ ছিল? ২

গ. উদ্দীপকে কোন ভাষণের ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত ভাষণটি স্বাধীনতা সংগ্রামে ব্যাপক প্রভাব ফেলেছিল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

teachingbd24.com

৩. ▶

| স্থান | অক্ষাংশ | দ্রাঘিমা | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ক | ২০°৩৪′ উঃ | ৯২°৪৫′ পূর্ব | ২৫ জুন | সকাল ১০টা |
| খ | ২৩°.৩০′ দঃ | ৬০°১৫′ পূর্ব | ২৫ জুন | ? |

ক. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি? ১
খ. পূর্ণিমা তিথিতে জোয়ার তীব্র হয় কেন? ২
গ. উদ্দীপকের সাহায্যে 'খ' স্থানের স্থানীয় সময় নির্ণয় কর। ৩
ঘ. একই সময় উদ্দীপকের 'ক' ও 'খ' স্থানের ঋতু ভিন্ন হয়— বিশ্লেষণ করো। ৪

৪. ▶ কর্ণফুলী নদীর পানি কলকারখানার বর্জ্য, জ্বালানি তেল এবং নানা রকম আবর্জনা দ্বারা প্রতিনিয়ত দূষিত হচ্ছে। অথচ নদীই বাংলাদেশের প্রাণ। অভ্যন্তরীণ ও বহির্বাণিজ্য পরিচালনা, যাতায়াত, জলবিদ্যুৎ উৎপাদন ইত্যাদি কাজে নদীর ভূমিকা অপরিসীম। নদীর পানি দূষিত হওয়ায় বাংলাদেশ পানি ও খাদ্য নিরাপত্তা ঝুঁকির মুখে পড়েছে।

ক. বর্তমানে বাংলাদেশে নদ-নদীর সংখ্যা কত? ১
খ. কৃষি ক্ষেত্রে নদ-নদীর অবদান ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে যাতায়াত, জলবিদ্যুৎ ও ব্যবসা-বাণিজ্যে নদীর ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত নদীর আলোকে বাংলাদেশের পানি ও খাদ্য নিরাপত্তায় পানি সম্পদ ব্যবস্থাপনার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৫. ▶ গত ২১ ডিসেম্বর ২০১৬, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে ভোটার রহিম সাহেব সারাদিন ব্যক্তিগত ও পারিবারিক কাজে ব্যস্ত থাকেন। বাড়ি থেকে বের না হয়ে সন্ধ্যায় নির্বাচনের ফলাফল জানতে টেলিভিশন দেখতে থাকেন। আর সন্তানদের লেখাপড়া দেখাতে থাকেন।

ক. পৌরনীতি পাঠের মূল বিষয়বস্তু কী? ১
খ. আইনের ধারণা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রহিম সাহেব নাগরিকের কোন কর্তব্য পালন থেকে বিরত থাকেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত কর্তব্য সম্পাদন করলেই কি রহিম সাহেবকে কর্তব্য পরায়ন নাগরিক বলা যাবে'? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| | |
|---|---|
| A | জাতির মুখপাত্র, রাষ্ট্রের সকল কাজের সমন্বয় করে থাকেন। |
| B | পদমর্যাদা সবার ওপরে, নিয়মতান্ত্রিক প্রধান। |

ক. অধিকাংশ মুসলিম রাষ্ট্রের আইনসভা কী নামে পরিচিত? ১

খ. স্থানীয় প্রশাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের A দ্বারা সরকারের কোন ক্ষমতাকে চিহ্নিত করা হয়েছে? ব্যাখ্যা কর।৩

ঘ. B দ্বারা A নিযুক্ত হলেও B কে A এর পরামর্শ অনুযায়ী কাজ করতে হয়।" বাক্যটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭.▶ জারিন টেলিভিশনের খবরে দেখতে পেল মায়ানমারের সেনাবাহিনী রাখাইন রাজ্যের রোহিঙ্গা জাতির উপর ব্যাপক অত্যাচার, নির্যাতন ও হত্যাযজ্ঞ চালাচ্ছে। তারা তাদের জীবন বাঁচাতে নাফ নদী পাড়ি দিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে গিয়ে অনেকে ডুবে মারাও যাচ্ছে। এ ঘটনায় সে মনে করে পৃথিবীর একটি সংগঠনকে খুবই কার্যকরভাবে দাঁড় করানো উচিত যার মাধ্যমে জাতিতে জাতিতে যুদ্ধ থামানোসহ মানবাধিকার সংরক্ষণ করা সম্ভব। কিন্তু বিদ্যমান সংগঠনটি সকল ক্ষেত্রে যথার্থ ভূমিকা পালনে অক্ষম।

ক. সিডও সনদে কতটি ধারা আছে? ১

খ. মানবাধিকার বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পাঠ্যবইয়ের যে প্রতিষ্ঠানের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তা সৃষ্টির পটভূমি বর্ণনা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের প্রতিষ্ঠানটি বিশ্ব শান্তিতে ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶




Teachingbd24.com

https://teachingbd24.com

ক. মোট জাতীয় উৎপাদন কাকে বলে? ১
খ. বাংলাদেশ কীভাবে দারিদ্র্যের দুষ্টচক্রে আবদ্ধ? ২
গ. ছকের প্রশ্ন (?) চিহ্নিত স্থানটি যে ধারণা নির্দেশ করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে বর্ণিত ধাপসমূহের মধ্যে প্রথমটির সাথে সর্বশেষটির সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৯.▶ অপসোনিন ঔষধ কোম্পানি তার উৎপাদিত ঔষধ দ্বরা দেশের চাহিদা মেটাতে আপ্রাণ চেষ্টা করছে। কোম্পানি কর্তৃপক্ষ বিদেশ হতে আরো আধুনিক মেশিনারিজ আমদানি করে উৎপাদন বাড়ানোর উদ্যোগ নিচ্ছে।

ক. "চিহ্নিত মুদ্রা" কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে ঋণ নিয়ন্ত্রণ করে? ২
গ. অপসোনিন ঔষধ কোম্পানি দেশের অভ্যন্তরে ঔষধ বিক্রি বাবদ সরকারকে যে কর প্রদান করে, তা কী ধরনের কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কোম্পানি বিদেশ হতে মেশিনারিজ আমদানি করার ফলে প্রদত্ত করও কি একই ধরনের কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

১০.▶ মালা ও শিলা একই স্কুলে পড়ে। তারা অন্তরঙ্গ বন্ধুদলের পর্যায়ে রয়েছে। মালাদের একটি টেলিভিশন আছে। সে মাঝে মাঝে শিলাকে তাদের বাসায় টেলিভিশন দেখাতে নিয়ে যায়। তারা টেলিভিশন দেখে অনেক নতুন নতুন আলোচনায় মেতে ওঠে।

ক. সামাজিকীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম কোনটি? ১
খ. মিথস্ক্রিয়া কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পর্যায়টি কোথায় তৈরি হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মালা ও শিলার নতুন নতুন আলোচনা কীভাবে তাদের সামাজিকীকরণের ক্ষেত্রে ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

১১.▶ ডা. সুলতান এবং ডা. রেবেকা দম্পতির একমাত্র মেয়ে উচ্চশিক্ষার জন্য কানাডায় অবস্থান করছে। মেয়ে দূরে থাকায় তাদের নিঃসঙ্গতা দূর করেছে মোবাইল। মোবাইলের মাধ্যমে তারা ভিডিও কল করে, মেয়ের সাথে কথা বলেন। এছাড়া স্কাইপে এর মাধ্যমে তারা মেয়েকে সরাসরি দেখতে পান।

ক. সামাজিক পরিবর্তন হচ্ছে সামাজিক সংগঠনের মধ্যকার পরিবর্তন— সংজ্ঞাটি কার? ১
খ. 'নারী শিক্ষা সামাজিক পরিবর্তনের সহায়ক'— বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকের ডা. দম্পত্তির ক্ষেত্রে সামাজিক পরিবর্তনের যে উপাদানটি কার্যকর তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত উপাদানটি শিক্ষার ক্ষেত্রে এনেছে এক যুগান্তকারী পরিবর্তন-বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করা হয় কত সালে?
ক ১৯৯৪ সালে খ ১৯৯৯ সালে
গ ১৯৯৭ সালে ঘ ১৯৯৩ সালে

২. পাকিস্তান সরকার কেন ১৪৪ ধারা জারি করে?
ক সংগ্রাম বন্ধ করতে
খ বিদ্রোহীদের দমন করতে
গ ভাষার দাবি স্তব্ধ করতে
ঘ জরুরি অবস্থা মোকাবিলা করতে

৩. বাংলাদেশের সংবিধান কার্যকর করা হয় কত তারিখে?
ক ১৯৭২ সালের ১২ই অক্টোবর
খ ১৯৭২ সালের ১০ই এপ্রিল
গ ১৯৭২ সালের ৪ঠা নভেম্বর
ঘ ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর

৪. ১৯৭১ সালের ২ মার্চ ঢাকায় হরতাল পালিত হওয়ার কারণ কী ছিল?
ক অধিবেশন আহ্বান
খ অধিবেশন স্থগিত
গ ক্ষমতা হস্তান্তরে বিলম্ব
ঘ নির্বাচনে কারচুপি

৫. আবর্তন বেগ সবচেয়ে বেশি কোন গ্রহের?
ক শুক্র খ পৃথিবী
গ বৃহস্পতি ঘ শনি

৬. বার্ষিক গতির ফলে—
i. দিন-রাত্রি হয়
ii. ঋতু পরিবর্তন হয়
iii. জোয়ার-ভাটা হয়
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৭. মিনা কুমিল্লা থেকে ৮ কি: মি: পশ্চিমে একটি পাহাড় পরিদর্শনে গিয়েছে। পাহাড়টির গড় উচ্চতা কত মিটার?
ক ২১ খ ৩৪
গ ৬ থেকে ১২ ঘ ২৪৪

৮. বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?
ক জানুয়ারি খ এপ্রিল
গ জুন ঘ সেপ্টেম্বর

৯. জুন-সেপ্টেম্বর পর্যন্ত বর্ষাকাল বিবেচনা করা হয়—
i. মায়ানমারে
ii. ভারতে
iii. নেপালে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. প্লাইস্টোসিনকালের সোপানসমূহের অন্তর্ভুক্ত হলো—
i. বরেন্দ্রভূমি
ii. প্লাবন সমভূমি
iii. লালমাই পাহাড়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
কিশোরগঞ্জের নরসুন্দা নদীটি এখন প্রায় মৃত। একসময় এ নদী দিয়ে বড় বড় লঞ্চ ও মালবাহী নৌকা যাতায়াত করতো।

১১. নরসুন্দা নদীটিতে কোন সমস্যা বিরাজ করছে?
ক নাব্যতা সংকট খ স্লুইস গেট সমস্যা
গ পানি দূষণ ঘ নৌযান সংকট

১২. উক্ত সমস্যা দূর করতে পারলে—
i. পরিবেশ সংরক্ষিত হবে
ii. চাষাবাদে সুবিধা হবে
iii. আবাসন সংকট দূর হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. রাষ্ট্রের অপরিহার্য কাজের মাধ্যমে একটি দেশের—
i. অস্তিত্ব টিকে থাকে
ii. স্বাধীনতা ও সার্বভৌমত্ব অক্ষুণ্ণ থাকে
iii. নাগরিকের মৌলিক অধিকার রক্ষিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৪. তথ্য কমিশনে কয়জন তথ্য কমিশনার রয়েছেন?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

Teachingbd24.com

১৫. সংসদের প্রধান নির্বাহী পদ কোনটি?
ক) প্রধানমন্ত্রী খ) রাষ্ট্রপতি
গ) বিচারপতি ঘ) সাংসদ

১৬. প্রধানমন্ত্রী তাঁর শাসন পরিচালনার জন্য কার কাছে জবাবদিহি করেন?
ক) সংসদের কাছে
খ) রাষ্ট্রপতির কাছে
গ) প্রধান বিচারপতির কাছে
ঘ) স্পিকারের কাছে

১৭. বাংলাদেশে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান?
ক) গণতান্ত্রিক খ) রাজতন্ত্র
গ) একনায়কতন্ত্র ঘ) যুক্তফ্রন্টীয়

১৮. ইলেক্টোরাল কলেজ কী?
ক) নির্বাচকমণ্ডলি
খ) নির্বাচনি প্রশিক্ষণ
গ) নির্বাচনি এলাকা
ঘ) নির্বাচনি আচরণবিধি

১৯. চতুর্থ বিশ্ব নারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
ক) মেক্সিকোতে খ) নাইরোবিতে
গ) বেইজিং-এ ঘ) কোপেনহেগেন-এ

২০. ২০১৫ সালের মধ্যে বাংলাদেশের UNDP মিলেনিয়াম উন্নয়ন লক্ষ্যমাত্রা কয়টি?
ক) ৮টি খ) ৬টি
গ) ৪টি ঘ) ২টি

২১. প্রাচীন বাংলায় কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত ছিল?
ক) ধনতান্ত্রিক খ) সমাজতান্ত্রিক
গ) সামন্ততান্ত্রিক ঘ) মিশ্র

২২. সম্পদের ব্যক্তিগত মালিকানা স্বীকৃত—
i. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায়
ii. ইসলামি অর্থব্যবস্থায়
iii. মিশ্র অর্থব্যবস্থায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৩. শিল্পায়নের জন্য প্রথম ও প্রধান প্রয়োজন কোনটি?
ক) শ্রমিক খ) অবকাঠামো
গ) মূলধন ঘ) কাঁচামাল

২৪. বাংলাদেশের অর্থনীতিতে কীসের পরিমাণ ক্রমশ কমে আসছে?
ক) কৃষিজমি খ) কৃষিঋণ
গ) কৃষি উপকরণ ঘ) প্রযুক্তি

**অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও**

মি. মামুন ১,০০,০০০ টাকা পেনশন হিসেবে পেয়েছেন। সিরাজগঞ্জের অগ্রণী ব্যাংক শাখায় ১২% হার সুদে ৩ বছরের জন্যে তিনি তার এ টাকাগুলো জমা রাখলেন।

২৫. মি. মামুনের অগ্রণী ব্যাংকের এ আমানতটি কোন ধরনের আমানত?
ক) চলতি আমানত
খ) সঞ্চয়ী আমানত
গ) স্থায়ী আমানত
ঘ) ক্ষণস্থায়ী আমানত

২৬. অগ্রণী ব্যাংকের সংগৃহীত টাকাগুলো—
i. দেশের অর্থনীতিকে সচল রাখে
ii. বিনিয়োগ প্রসারিত করে
iii. মুদ্রাস্ফীতি বাড়ায়
নিচের কোনটি সঠিক?
ক) ii ও iii খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৭. 'ক' বিবাহের পর স্ত্রীকে নিয়ে পৃথক একটি বাড়িতে বাস করে। 'ক' এর পরিবার হচ্ছে—
ক) বর্ধিত খ) মাতৃবাস
গ) নয়াবাস ঘ) পিতৃবাস

২৮. শিশুর নৈতিক শিক্ষার পূর্ণবিকাশ না ঘটার কারণ—
i. পারিবারিক ভূমিকার পরিবর্তন
ii. পিতামাতার ব্যস্ততা
iii. শিক্ষা প্রতিষ্ঠান না থাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৯. বাংলাদেশের শহরাঞ্চলে বস্তি সৃষ্টির কারণ কোনটি?
ক) ভূমিকম্প খ) বন্যা
গ) নদী ভাঙন ঘ) জলোচ্ছ্বাস

৩০. ব্যাপক শিল্পায়নের ফলে গ্রামীণ জীবন ছেড়ে নগর জীবন পদ্ধতি গ্রহণ করাকে কী বলে?
ক) স্থানান্তর খ) শহরায়ণ
গ) নগরায়ণ ঘ) পরিবর্তন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ |

https://teachingbd24.com